গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩২.০০.০০০০.০৬০.৯৯.০১৮.১৮-২১৪ তারিখঃ ১০/০৩/২০১৯

বিষয়ঃ **পানিতে ডুবে শিশু মৃত্যু প্রতিরোধ, সাঁতার শেখা সহায়ক ও গবেষণা বিষয়ের ওপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৭/০২/২০১৯ তারিখ বেলা ০২.৩০ টায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব কামরুন নাহার এঁর সভাপতিত্বে **পানিতে ডুবে শিশু মৃত্যু প্রতিরোধ, সাঁতার শেখা সহায়ক ও গবেষণা বিষয়ের ওপর একটি** সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ** বর্ণনা মোতাবেক।

১০/৩/২০১৯
(কিসমত জাহান ফেরদৌসি)
সিনিয়র সহকারী প্রধান।
ফোন-৯৫৭৪১৯৯

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ**

১। জনাব বদরুল আলম তরফদার, সিনিয়র স্পেশালিষ্ট, লিঁয়াজো এন্ড পলিসি, সিনার্গস, বাংলাদেশ।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম- সচিব (শিশু ও সমন্বয়/ উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর, ঢাকা।
৫। উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রফেসর ড: একেএম ফজলুর রহমান, নির্বাহী পরিচালক, সিআইপিআরবি, নিউ ডিওএইচ, মহাখালী, ঢাকা-১২০৬।
৭। ডা: মো: সাইখুল ইসলাম হেলাল, সিনিয়র পলিসি এডভাইজার, সিআইপিআরবি, নিউ ডিওএইচ, মহাখালী, ঢাকা-১২০৬।

**সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ পানিতে ডুবে শিশু মৃত্যু প্রতিরোধ, সাঁতার শেখা সহায়ক ও গবেষণা বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
স্থানঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভা কক্ষ।
তারিখঃ ২৭/০২/২০১৯ খ্রিঃ।
সময়ঃ বেলা ২:৩০ ঘটিকা।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকাঃ পরিশিষ্ট-'ক'।

২। সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার মূল বিষয় উপস্থাপন করার জন্য (CIPRB) এর প্রতিনিধিকে আহ্বান জানান। নির্বাহী পরিচালক, সেন্টার ফর ইনজুরী প্রিভেনশন বাংলাদেশ (CIPRB) বলেন যে, পানিতে ডুবে মৃত্যু বাংলাদেশে একটি বড় সামাজিক সমস্যা এবং এটি শিশু মৃত্যুর একটি অন্যতম কারন। বাংলাদেশে প্রতিদিন প্রায় ৪০ জন মানুষ পানিতে ডুবে মৃত্যু বরন করে এবং তন্মদ্ধে শিশু মৃত্যু সর্বাধিক। উপরন্ত দেশের দক্ষিণাঞ্চল অর্থাৎ বরিশাল বিভাগে অধিক সংখ্যক শিশু পানিতে ডুবে মৃত্যুবরন করে। এ অনাকাংখিত ও প্রতিরোধযোগ্য শিশু মৃত্যু ঘটে থাকে দিনের সকাল ৯:০০ থেকে বেলা ২:০০ ঘটিকার মধ্যে। সভাপতি মহোদয় তথ্যের সমর্থন জানিয়ে বলেন যে, এই সময় শিশুর মা ও পরিচর্যাকারীগণ দৈনন্দিন সাংসারিক কাজে ব্যস্ত থাকেন বিধায় ইত্যবসরে সকলের অগোচরে শিশু বাড়ির পাশের জলাশয়ে যায় এবং মৃত্যুবরন করে।

৩। আলোচনাঃ

(৩.১) নির্বাহী পরিচালক বলেন যে, CIPRB এই দুঃখ জনক শিশু মৃত্যু প্রতিরোধকল্পে দিবাযত্ন কেন্দ্র হিসাবে দেশে Royal National Life Boat Institution (RNLI)-এর সহযোগিতায় প্রায় ৪০০ "আঁচল" প্রতিষ্ঠা করেছে এবং ৬ থেকে ১০ বছর বয়সী শিশুদের জন্য সাঁতার প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলেছে। এক্ষনে এই দিবাযত্ন কেন্দ্র "আঁচল" আরো অধিক সংখ্যায় বিশেষ করে বরিশাল অঞ্চলে প্রতিষ্ঠা করা প্রয়োজন। উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বলেন যে, ইতিমধ্যে অত্র মন্ত্রণালয় "সমন্বিত সমাজ ভিত্তিক শিশু যত্ন কেন্দ্র এবং সাঁতার সুবিধা" শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব গ্রহন করা হয়েছে। উক্ত প্রকল্প প্রণয়নে সহায়ক হিসাবে Feasibility Study বাস্তবায়ন প্রক্রিয়াধীন আছে। Feasibility Study সুষ্ঠূভাবে বাস্তবায়নে CIPRB এবং Synergos কারিগরি সহায়তা প্রদান করছে। পরিচালক, CIPRB বলেন যে, বাংলাদেশে International Drowning Research Centre স্থাপন করা হয়েছে এবং উক্ত Research Center কর্তৃক সম্পাদিত একটি গবেষণা প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

৩.২। সিনিয়র স্পেশালিষ্ট, Synergos বলেন যে, CIPRB এবং Synergos সম্মিলিতভাবে পানিতে ডুবে মরা প্রতিরোধে সরকারের সহিত কাজ করছে এবং আগামী এপ্রিল, ২০১৯ মাসে Bloom Berg-এর উদ্ধর্তন কর্মকর্তাগণ বাংলাদেশে আসবেন এবং বাংলাদেশে পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধের লক্ষ্যে সচিব মহোদয়ের সাথে আলোচনা করতে ইচ্ছা পোষন করছেন। তিনি সভাকে আরো অবহিত করেন যে, Bloom Burg প্রকল্প বাস্তবায়নে কারিগরি ও অর্থনৈতিক সহায়তা প্রদানে ইচ্ছুক। সিনিয়র পলিসি এডভাইজার, CIPRB বলেন যে, CIPRB, RNLI-এর সহায়তায় দিবাযত্ন কেন্দ্র হিসাবে যে "আঁচল" প্রতিষ্ঠা করেছে ঐ সমস্ত দিবাযত্ন কেন্দ্র টেকসই করা প্রয়োজন এবং আরো অধিক সংখ্যক শিশুর জীবন রক্ষার্থে কার্যক্রম হাতে নেয়া প্রয়োজন।

(৩.৩) সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, শিশু সু-রক্ষা এ মন্ত্রণালয় একটি গুরুত্বপূর্ন কার্যক্রম বিধায় দিবাযত্ন কেন্দ্র প্রতিষ্ঠা ও প্রতিষ্ঠিত দিবাযত্ন কেন্দ্র সমূহ টেকসই হওয়ার প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করবে। যেহেতু বরিশাল অঞ্চলে পানিতে ডুবে শিশু মৃত্যু বেশি ঘটে থাকে তাই ঐ অঞ্চলে দিবাযত্ন কেন্দ্র প্রতিষ্ঠা ও চলমান রাখার ক্ষেত্রে বিশেষ দৃষ্টি দেয়া প্রয়োজন।তিনি CIPRB এবং Synergos কর্তৃক গৃহিত কার্যক্রমের প্রশংসা করেন এবং মন্ত্রণালয়ের পক্ষ থেকে কার্যক্রমসমূহ চলমান রাখার জন্য সার্বিক সহায়তা প্রদানের আশাবাদ ব্যক্ত করেন ।অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

৪.সিদ্ধান্তসমূহঃ

(৪.১) CIPRB কর্তক প্রতিষ্ঠিত দিবাযত্র কেন্দ্র “আঁচল” পানিতে ডুবে মৃত্যু প্রতিরোধে একটি কার্যকরি পদক্ষেপ বিধায় উক্ত কার্যক্রম চলমান রাখতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

(৪.২) অত্র মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত “সমন্বিত সমাজ ভিত্তিক শিশু যত্ন কেন্দ্র এবং সাঁতার সুবিধা” শীর্ষক প্রকল্পটি যতদ্রুত সম্ভব বাস্তবায়নে শিশু একাডেমী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে । এই বিষয়ে Feasibility Study এবং অন্যান্য কার্যক্রমে CIPRB এবং Synergos সার্বিক কারিগরি সহায়তা প্রদান করবে।

(৪.৩) আগামী এপ্রিল, ২০১৯ মাসে সচিব মহোদয়ের সাথে Bloom Berg-এর উর্দ্ধতন কর্মকর্তাগণের সাক্ষাতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

(কামরুন নাহার)
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।